



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর: ১৭১

রবীন্দ্রনাথের গল্প ও সুর মানুষকে সঠিক পথ দেখিয়েছেন : খাদ্যমন্ত্রী

রাজশাহী; ১৬ মাঘ (৩০ জানুয়ারি):

খাদ্যমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা সাধন চন্দ্র মজুমদার বলেছেন, বাঙালির আত্মপরিচয় জাগিয়ে তুলেছিলেন রবীন্দ্রনাথ ঠাকুর। বাঙালি যতবার সভ্যতার সংকটে পড়েছে ততবার কবিগুরুর কবিতা, গল্প ও সুর মানুষকে সঠিক পথ দেখিয়েছে।

আজ সোমবার সকালে নওগাঁ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে ৪১তম জাতীয় রবীন্দ্র সংগীত সম্মিলন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতি সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, কথা, কবিতা ও গানে বিশ্বকবি সামগ্রিকভাবে বাঙালি নন্দনতত্ত্বকে তুলে ধরেছেন বিশ্ব দরবারে। নতুন প্রজন্মের কাছে রবীন্দ্রনাথের অবদান পরিচিত করতে প্রতিটি জেলায় রবীন্দ্র সম্মেলন আয়োজন করা দরকার।

জেলা প্রশাসক মোঃ খালিদ মেহেদী হাসান এর সভাপতিত্বে পুলিশ সুপার মোহাম্মদ রাশিদুল হক, এফবিসিসিআই এর পরিচালক ইকবাল শাহরিয়ার রাসেল এবং রবীন্দ্র সংগীত সম্মিলন পরিষদ নওগাঁর সাধারণ সম্পাদক মোসাদ্দেক হোসেন বক্তৃতা করেন।

আগামী ৩-৫ মার্চ নওগাঁ জেলায় ৪১তম জাতীয় রবীন্দ্র সংগীত সম্মিলন অনুষ্ঠিত হবে। তিন দিনব্যাপী অনুষ্ঠানমালার মধ্যে থাকবে সহস্রকণ্ঠে রবীন্দ্র সঙ্গীত পরিবেশন, পতিসরে রবীন্দ্র প্রীতি সম্মেলন ও স্মৃতিচারণ, রবীন্দ্রনাথের চিত্রকর্ম প্রদর্শন এবং কবিগুরুর জীবন ও কর্ম নিয়ে আলোচনা।

.....
তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২৩/২০.০০ঘ.